তারিখ ... 01 JUN 1997 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

দৈনিক জনকণ্ঠ

# বিবিএ ছাত্রদের ক্লাস বর্জন খুলনা ভার্সিটি পরিবেশ অশান্ত হয়ে উঠেছে

**খুলনা বিশ্ববিদ্যালয়, সংবাদদাতা।-** খুলনা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন (বিবিএ) ডিসিপ্লিনের ছাত্র-ছাত্রীদের ক্লাস বর্জনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হবার আশঙ্কা দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে ক্লাস বর্জনকারী বিবিএ'র ছাত্র-ছাত্রীদের ক্লাসে যোগদানের আহ্বান জানালেও ছাত্ররা পাল্টা-সাংবাদিক সম্মেলনে তাদের দাবি-দাওয়া আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে।

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিবিএ'র ছাত্র-ছাত্রীরা তাদের ৪ দফা দাবি আদায়ের লক্ষ্যে গত ২৫-মে থেকে ক্লাস বর্জন শুরু করে। ছাত্রদের অভিযোগ, 'বিবিএ ডিসিপ্লিনের অধিকাংশ শিক্ষক অত্যন্ত অপেশাদার মনোভাবাপন্ন। এই ডিসিপ্লিনের বর্তমান বিভাগীয় প্রধান ব্যবস্থাপনার শিক্ষক হলেও তাঁকে দিয়েই এ বিভাগ পরিচালনা করা হচ্ছে। ছাত্ররা অবিলম্বে অন্তত ৫ জন এমবিএ শিক্ষক নিয়োগসহ ৪ দফা দাবিতে এ আন্দোলন শুরু করেছে। ছাত্রদের আন্দোলন কর্মসূচীর অংশ হিসাবে ২৭ মে তারা ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে এবং বিবিএ'র বিভাগীয় প্রধান এবিএম রশিদুজ্জামানের কুশপুত্তলিকা দাহ করে। এ ঘটনায় শিক্ষকদের মাঝে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয় এবং পরদিন ২৮ মে শিক্ষকরা প্রতীক ধর্মঘট পালন করেন। শিক্ষকরা কুশপুত্তলিকা দাহ ঘটনার প্রতিবাদ ও দোষী ছাত্রদের শাস্তির দাবিতে ২৯ মে থেকে কালো ব্যাজ ধারণ করছেন।